দৈনিক বাংলা

তারিখ 29 JAN 1992
পৃষ্ঠা ৪ কলাম ৪

# প্রভাষক নিয়োগ ও ফিন্যান্স বিভাগ

মাননীয় শিক্ষামন্ত্রীর সাম্প্রতিক এক ঘোষণায় জানতে পারলাম, সরকারী কলেজসমূহে দুই মাসের মধ্যে দুই হাজার পাঁচশত প্রভাষক নিয়োগ করা হবে এবং শিক্ষার মান উন্নয়ন করা হবে। এ ঘোষণাটি বর্তমান প্রেক্ষাপটে অবশ্যই প্রশংসার দাবী রাখে। প্রসঙ্গত উল্লেখ্য, গত ১৯৭৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সকল কলেজে ডিগ্রী পর্যায়ে ৩০০ নম্বরের ফিন্যান্স বিষয়টি খোলা হয়েছে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ডিগ্রীতে বিষয়টি বাধ্যতামূলক করা হয়েছে। ইতিমধ্যে কতিপয় বেসরকারী কলেজে ফিন্যান্সের প্রভাষকও নিয়োগ করা হয়েছে। কিন্তু শিক্ষা মন্ত্রণালয়ের এখতিয়ার না থাকায় সরকারী কলেজসমূহে ফিন্যান্সের প্রভাষক নিয়োগ করা সম্ভব হচ্ছে না। ফলে সরকারী কলেজগুলোতে অন্য বিষয়ের প্রভাষক দ্বারা ফিন্যান্সের মত একটি গুরুত্বপূর্ণ বিষয়ে প্রক্সি দেওয়া হচ্ছে যা শিক্ষার মান উন্নয়নের পরিপন্থী। এমন একটি গুরুত্বপূর্ণ বিষয়ে শিক্ষক নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষীয় উদাসীনতা মোটেই বাঞ্ছনীয় নয়। তাই আমরা আশা করবো শিক্ষা মন্ত্রণালয় প্রস্তাবিত দুই হাজার পাঁচশত প্রভাষক নিয়োগের ক্ষেত্রে ফিন্যান্স বিষয়ে প্রভাষক পদটি অন্তর্ভুক্ত করবেন।

–মোঃ নজরুল ইসলাম
৩০৮ হাজী মুহম্মদ মুহসীন হল
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

০৩
55